

অনন্যা বন্দ্যোপাখ্যায়

বিলাপগাঁথা

টুপটাপ খসে পড়া মানুষের লাশ
জ্যোৎস্না তরলে ধুয়ে তারাদের ধুলো
গড়িয়ে আকাশ নামে, হতবাক চাঁদ
মৃত্যু কী হতে পারে এত জমকালো !

ধারালো সূর্যদাহ করাত বাতাসে
টুকরো টুকরো কণা মাংসল আলো
রক্তবিন্দু লেগে ঘাসের ডগায়
ফুটে আছে মৃত্যুফুল নিয়তির কালো

গাছে গাছে নদীজলে পাহাড়চূড়ায়
আতঙ্ক বিছিয়ে ভূমি দমচাপা শ্বাস
কাটা হাত ক্ষতবুক ছিন্ন আঙুল
মানচিত্র কেঁপে ওঠে আরক্তিম ত্রাস

নিলামের দেশঘর গাইছে বিরহ
উপড়ানো চোখ গোঁথে আছে কাঁটাতারে
চামড়ার ভাঁজে ভাঁজে শানিত চাবুক
ধাতব নলের হিম ভুষ মাটি জুড়ে

সময় নামছে ধার ঘোর অতিকায়
মুছে দিয়ে দৃশ্যকাল তাপ অনুতাপ
অন্ধ বিহঙ্গ ডানা নিয়েছে গুটিয়ে
তাপিত বিশ্বময় হতাশ বিলাপ ।